# যাত্রাপুস্তক




তারা লোহিত সাগরের উপরের একটি পাহাড়ে আসার আগ পর্যন্ত অনুসরণ করছিল। সেখানে তারা তাদের ছাউনি ফেলল এবং কীভাবে তারা এই বিশাল জলরাশি পার করবে সেটা নিয়ে আলোচনা করতে লাগল।
ফরৌণ তার ছেলেকে হারাবার পর, তার রাগ আগের থেকে অনেক বেড়ে গেল। কেন সে তার দাসদেরকে যেতে দিল?
রথগুলোকে প্রস্তুত কর। ইব্রীয়দেরকে খুঁজে বের কর। হয় তাদেরকে ফিরিয়ে নিয়ে আস না হলে তাদের সবাইকে মেরে ফেল।
আপনি যা বলেন তাই হবে, প্রভু।


মিশরীয়রা যখন অসহায় ইব্রীয়দেরকে দেখল এবং মিশরের উপর মোশি যে ভোগান্তি নিয়ে এসেছিল তা মনে করল, তখন তারা তাদেরকে মেরে ফেলার জন্য প্রস্তুতি নিচ্ছিল।
ঐ দেখ, মিশরীয় সৈন্যরা আসছে! আমরা এই মরু-এলাকাতে আটকা পড়েছি!
এখানে মোশী আমাদেরকে মেরে ফেলবার জন্য নিয়ে এসেছে। এখানে এই মরু-এলাকার মধ্যে মরবার চেয়ে মিশরীয়দের দাসত্ব করা আমাদের পক্ষে অনেক ভাল ছিল।
আমাদের চারপাশে পাহাড়ে ঘেরা এবং সামনে জল। আমরা আটকা পড়েছি।
এখন আর ঈশ্বর আমাদের রক্ষা করতে পারবেন না।
তোমরা যেখানে আছ সেখানেই থাক। ঈশ্বর আমাদেরকে মহান এক উপায়ে রক্ষা করবেন।
ঈশ্বর আরও একবার ফরৌণের মন শক্ত করেছেন। আজকের পর থেকে তোমরা আর কখনও মিশরীয় সৈন্যদলকে দেখতে পাবে না।


মিশরের সেই সৈন্যদলে ছিল ফরৌণের সবচেয়ে ভাল ৬০০টি রথ এবং একেকটি রথ একেকজন সেনাপতি চালাচ্ছিল যাতে করে তারা সকল ইব্রীয়দেরকে হত্যা করে মিশরের ওপর আঘাত এবং ধ্বংসযজ্ঞের প্রতিশোধ নিতে পারে।


মিশরে কি কোন কবর ছিল না?
আমরা আপনাকে আগেও বলেছি-আমাদেরকে একা ছেড়ে দিন এবং মিশরীয়দের দাসত্ব করতে দিন!
সেটা তলোয়ারের নিচে মারা যাবার থেকে তো ভাল!
যেখানে আছ সেখানেই থাক এবং সদাপ্রভুর উদ্ধার করবার উপায়টা একবার দেখ।


তুমি আমার কাছে কান্নাকাটি করছ কেন? ইস্রায়েলীয়দের এগিয়ে যেতে বল।


তখন ঈশ্বরের দূত যিনি ইস্রায়েলীয় দলের আগে আগে যাচ্ছিলেন তিনি ঘুরে তাদের পিছনে চলে গেলেন। মেঘের থাম ও আগুনের থামটাও তাদের সামনে থেকে পিছনে সরে গিয়ে ইস্রায়েলীয় ও মিশরীয়দের দলের মাঝামাঝি দাঁড়াল।







যাত্রাপুস্তক ১৪: ১৬-২১


ফরৌণ ও তার সৈন্যদল আমার গৌরব প্রকাশের উপায় হবে... আর তা দেখে মিশরীয়রা বুঝতে পারবে যে, ‘‘আমিই সদাপ্রভু’’!






যাত্রাপুস্তক ১৪: ২২-২৫


আজকে তুমি সদাপ্রভুর ক্ষমতা দেখলে।
দেখ, জল আগের জায়গায় ফিরে যাচ্ছে। ওরা সবাই ডুবে যাবে।


প্রত্যেকটি মিশরীয় সৈন্য সমুদ্রের জলে মারা গেল। তাদের তৈরী কাঠের ও পাথরের দেবতারা তাদেরকে রক্ষা করতে পারল না।






যাত্রাপুস্তক ১৫: ২০-২৫, ১৬: ১-৪


স্বর্গ থেকে খাবার, যেমনটা মোশী বলেছিল!
আমরা কেন সন্দেহ করতে গেলাম?
ওহ, এটা খুবই সুস্বাদু! এটার স্বাদ একদম মধুর মত।
তারা যতদিন পর্যন্ত সেই মরুভূমিতে ছিল ততদিন ঈশ্বর তাদেরকে খাবার হিসেবে স্বর্গের মান্না দিয়েছিলেন।
আর আবাস-তাম্বুর উপর যতক্ষণ মেঘ থাকত ততক্ষণ পর্যন্ত ইস্রায়েলীয়েরা সেখানে থাকত, কিন্তু যখন তম্বুর উপর থেকে মেঘ সরে যাওয়া শুরু করত তখন তারা তাদের জিনিসপত্র গুছিয়ে অজানা মরুভূমির মধ্য দিয়ে যাওয়ার জন্য রওনা হতো।
কিন্তু এমন একটি সময় এল যখন তাদের কাছে কোন জল ছিল না।
সদাপ্রভু কি আমাদের সঙ্গে আছেন, না নেই?
আমি যাব এবং সদাপ্রভুর সাথে কথা বলব।


তুমি হেরেব পাহাড়ের পাথরের গায়ে তোমার লাঠি দিয়ে আঘাত করবে আর তাতে লোকদের খাবার জন্য সেখান থেকে জল বের হয়ে আসবে।
তোমরা শুধু যন্ত্রণা দাও আর অভিযোগ কর। এখানে এসে দেখ যে ঈশ্বর এই নীরস পাথর দিয়েও কি করতে পারেন!
ইয়াক!
আইইইই!
মোশি এই জায়গাটার দু'টা নাম দিয়েছিলেন মঃসা (যার মানে "পরীক্ষা") এবং মরীবা (যার মানে "ঝগড়া") কারণ ইস্রায়েলীয়রা এই কথা বলে ঝগড়া করেছিল এবং সদাপ্রভুকে পরীক্ষা করে বলেছিল, " সদাপ্রভু কি আমাদের সঙ্গে আছেন, না নেই? "



সেই জল নদীর মত প্রবাহিত হচ্ছিল।
কিন্তু তাদের শুধুমাত্র জলই একমাত্র সমস্যা ছিল না...
মরুভূমির ওখানে দেখ।
অমালেকীয়েরা...
কেউ একজন দৌড়ে যাও এবং মোশীকে বল।
ওরা মনে করছে যে ওরা আমাদেরকে আটকে ফেলেছে।
যিহোশূয়, তোমার দলের সবচেয়ে দক্ষতাসম্পন্ন কয়েকজন লোককে বাছাই কর।
আমি কালকে ঈশ্বরের সেই লাঠিটা আমার হাতে নিয়ে পাহাড়ের চূড়ায় গিয়ে দাঁড়াব।






যাত্রাপুস্তক ১৭:১০-১১


আমাদেরকে অবশ্যই সদাপ্রভুর সামনে মোশীর হাত উঁচু করে রাখতে হবে।
ঈশ্বর দেখবেন... আর আমরা জয়ী হবো।
দেখ! ঈশ্বরের লোক, মোশী আমাদের হয়ে মধ্যস্থতা করছেন।
নিশ্চয়ই ঈশ্বর আমাদের শত্রুদের বিরুদ্ধে আমাদেরকে জয়ী করবেন।
আর অমালেকীয়দের হারানোর জন্য ঈশ্বর মোশীর প্রার্থনার উত্তর দিলেন।


ফরৌণের সাথে ঝামেলার সময় মোশি তাঁর স্ত্রী সিপ্পোরা এবং তার দুই ছেলেকে মিশর দেশ থেকে তার শ্বশুর যিথ্রোর কাছে পাঠিয়ে দিয়েছিলেন। কিন্তু এখন তারা ফিরে এসেছে।
বাবা!
অবশেষে, আমার পরিবার আমার সাথে একত্র হল।
তুমি আমার কাছে এমন জিনিস ফিরিয়ে নিয়ে এসেছ যা আমার কাছে কোন ধন-সম্পদের চেয়েও দামী।
যখন মোশী তার পরিবারের ফিরে আসা নিয়ে আনন্দ করছিলেন তখন সদাপ্রভু ইস্রায়েলীয়দের পক্ষ হয়ে ফরৌণ ও মিশরীয়দের প্রতি যা করেছেন তা সবই মোশি তাঁর শ্বশুর, যিথ্রোকে জানালেন।
এখন আমি বুঝতে পারছি যে, সব দেবতার চেয়ে সদাপ্রভুই মহান, কারণ দেবতারা যে সব বিষয়ে ইস্রায়েলীয়দের বিরুদ্ধে গর্ব করত সেই সব বিষয়ে সদাপ্রভুই মহান।


পরের দিন মোশি লোকদের বিবাদ এবং ঘটনাগুলো বিচার করবার জন্য বসলেন।
তুমি লোকদের নিয়ে এ কি করছ?
ঈশ্বরের ইচ্ছা জানবার জন্যই লোকেরা আমার কাছে আসে।
তুমি যেভাবে তা করছ তা ভাল নয়--এই সব কিছু তুমি একা সামলাতে পারবে না।
তুমি বরং ঈশ্বরের কাছে লোকদের প্রতিনিধি হয়ে ঈশ্বরের সামনে নিয়ে যেয়ো।
তুমি তাঁর সমস্ত নিয়ম ও নির্দেশ এবং কীভাবে জীবন-যাপন করতে হবে সে সম্বন্ধে তাদের হুঁশিয়ার করে দেবে।
ঈশ্বরকে ভয় করে এমন লোকদেরকে তুমি বিচার করার জন্য বেছে নাও, কিন্তু তারা বড় বড় ব্যাপারগুলো তোমার কাছে আনবে।
এতে তোমার কাজও সহজ হবে, এবং লোকেরাও সন্তুষ্ট থাকবে আর...
... আমার মেয়ে তার স্বামীকে এবং নাতিরা তাদের বাবাকে লম্বা সময়ের জন্য কাছে পাবে।


যদিও মোশী একজন মহান জাতির নেতা ছিলেন, তবুও তিনি তার শ্বশুরের উপদেশ শুনলেন।
এখন আমাদেরকে কোন সিদ্ধান্তের জন্য অনেক সময় ধরে অপেক্ষা করতে হবে না।
সেই বিচারকেরাও বেশ ভালভাবে বিচারকাজ করতে লাগল...
নিশ্চয়ই সর্বশক্তিমান ঈশ্বর তোমার উপরে আছেন।
ধন্যবাদ, আমার বিশ্বস্ত বন্ধু।
আর মোশী তার শ্বশুরকে বাড়িতে ফিরে যাবার জন্য শান্তিতে বিদায় দিলেন।
এই কথাগুলো তুমি ইস্রায়েলীয়দের মনে করিয়ে দাও যে, মিশরীয়দের দশা আমি কি করেছি, কিভাবে আমি তাদেরকে খাইয়েছি, এবং কীভাবে তাদেরকে পাথর থেকে জল দিয়েছি।
আবারও, মেঘ সরে গেল এবং ইব্রীয়রা তাদের জিনিসপত্র গোছালো এবং মরুভূমির মধ্য দিয়ে সিনাই পাহাড়ের দিকে রওনা হল।
যদি তারা আমার সব কথা এবং ব্যবস্থাগুলো পালন করে তবে পৃথিবীর সব জাতির মধ্য থেকে তারাই হবে আমার নিজের বিশেষ সম্পত্তি এবং তারাই হবে আমার পুরোহিতদের রাজ্য।
মোশী, আমি তোমার সঙ্গে যখন কথা বলব তখন লোকেরা যাতে তা শুনতে পায় সেইজন্য আমি একটা ঘন মেঘের মধ্যে থেকে তোমাদের কাছে আসব।







যাত্রাপুস্তক ১৯: ১-৫


মোশি পাহাড় থেকে নেমে আসলেন এবং ঈশ্বর লোকদেরকে যা যা বলতে বলেছিলেন তা বললেন।
আমরা বাধ্য হয়ে চলব। ঈশ্বর যা যা বলেছেন সে অনুযায়ী আমরা বাধ্য হয়ে চলব।
তাহলে যাও, তোমাদের কাপড়-চোপড় এবং দেহ ধুয়ে নাও; ঈশ্বরের আরাধনা করবার জন্য নিজেদেরকে প্রস্তুত কর। আজকে থেকে তিন দিন পর সদাপ্রভু নেমে আসবেন।
সদাপ্রভুর কথামত, তিন দিনের দিন সকল লোক ঈশ্বরের কথা শোনার জন্য পাহাড়ের সামনে একত্রিত হল। পাহাড়ের উপরে একখন্ড ঘন মেঘ দেখা দিল আর তারপর...
মোশী, পাহাড়ের উপরে উঠে গেলেন।
আমি সদাপ্রভুই তোমাদের ঈশ্বর। মিশর দেশের দাসত্ব থেকে আমিই তোমাদের বের করে এনেছি। তুমি নীচে গিয়ে লোকদের জন্য পাহাড়ের চারদিকে একটা সীমানা ঠিক করে দাও।
যে ঐ পাহাড় ছোঁবে তাকে নিশ্চয়ই মেরে ফেলা হবে। আমি তোমাকে দশটি আজ্ঞা দেব যেটা তুমি অবশ্যই লোকদেরকে বলবে।




Exodus 20:3-17


ঈশ্বর মোশীকে আইনও দিলেন যাতে লোকদের মনে ভক্তির ভাব থাকে।
ব্যক্তিগত আঘাত।
''কোন লোককে আঘাত করবার ফলে যদি তার মৃত্যু হয় তবে আঘাতকারী-কে অবশ্যই মেরে ফেলতে হবে।''
''কিন্তু খুন করবার মতলব যদি তার না থেকে থাকে তবে সে এমন একটা জায়গায় পালিয়ে যেতে পারবে যা আমি তোমাদের জন্য ঠিক করে দেব।''
সম্পত্তি রক্ষা।
''যদি কোন লোক কোন গরু বা ভেড়া চুরি করে এনে মেরে ফেলে কিম্বা বিক্রি করে দেয়, তবে তাকে একটা গরুর বদলে পাঁচটা গরু এবং একটা ভেড়ার বদলে চারটা ভেড়া ফিরিয়ে দিতে হবে।''
সামাজিক দায়িত্ব-কর্তব্য।
''কোন বিধবা বা কোন অনাথ ছেলে বা মেয়েকে কষ্ট দিয়ো না।''
কোন বিদেশীর সংগে খারাপ ব্যবহার কোরো না বা তার উপর অত্যাচার কোরো না, কারণ মিশর দেশে তোমরাও একদিন বিদেশী ছিলে।
''দশজনে অন্যায় করছে বলে তুমিও তা করতে যেয়ো না।''
'' কোন গরীব লোকের মকদ্দমায় অন্যায় বিচার কোরো না।''



যেহেতু ঈশ্বর পবিত্র, তাই কীভাবে লোকেরা তাঁর আরাধনা করবে সে বিষয়েও তিনি তাদেরকে নির্দেশনা দিলেন...
উৎসর্গের জন্য শুধুমাত্র নিখুঁত বাছুর উৎসর্গ করবে, কখনও খুঁতসহ বাছুর উৎসর্গ করা যাবে না।
এর উপর তেল ঢালবে আর লোবান রাখবে... এই পোড়ানো গন্ধে সদাপ্রভু খুশী হন।
তাদেরকে সুস্থ রাখার জন্য ঈশ্বর এই ব্যবস্থাগুলো দিলেন।
আট দিনের দিন ছেলের ত্বকচ্ছেদ করাতে হবে।
তাকে অবশ্যই সবার থেকে আলাদা হতে হবে।
যদি লোম সাদা হয়ে যায় এবং কাঁচা ঘা থাকে- তাহলে সেটা পুরোনো খারাপ চর্মরোগ।
আমার আদেশ করা বিশ্রামের দিনগুলো পালন করতে হবে এবং আমার আবাস-তাম্বুর প্রতি ভক্তি রাখতে হবে। আমি সদাপ্রভু।
অন্যায় বিচার করা চলবে না। বিচারে ছোট-বড় কারও পক্ষ নেওয়া চলবে না; তোমরা প্রত্যেকের প্রতি ন্যায়বিচার করবে।
আমি তোমাদের ঈশ্বর সদাপ্রভু পবিত্র বলে তোমাদেরও পবিত্র হতে হবে।






যাত্রাপুস্তক ২৪: ১-৮




যাত্রাপুস্তক ২৩: ৯-১৮






যাত্রাপুস্তক ২০: ৪, ২৫: ৮-৯, ২৮: ১-৩, ৩২: ১-৪







যাত্রাপুস্তক ৩২: ৫-১০


ছাউনি থেকে যুদ্ধের আওয়াজ আসছে।
এটা যুদ্ধে জয়লাভের আওয়াজও নয়, যুদ্ধে হেরে যাবার আওয়াজও নয়। আমি যা শুনতে পাচ্ছি তা গানের আওয়াজ।
তোমরা ঈশ্বরের আজ্ঞা গুলোর অমান্য করেছ!
যে পাথরের ফলকগুলোতে আজ্ঞাগুলো লেখা ছিল সেগুলো মোশী মূর্তির দিকে ছুঁড়ে দিয়ে ভেঙ্গে ফেললেন।
তিনি কি বলেন নি যে তার সামনে অন্য কোন দেবতা থাকবে না? তোমাদের নিজেদের হাতে তৈরী কোন মূর্তি কি তোমাদের সৃষ্টিকর্তা হতে পারে?
মোশি তাদের তৈরী সেই বাছুরের মূর্তিটা আগুনে পুড়িয়ে দিলেন। তারপর সেটা গুঁড়া করে জলের উপর ছড়িয়ে দিয়ে ইস্রায়েলীয়দের খাওয়ালেন।




যাত্রাপুস্তক ৩২: ২৬-২৮


মোশী পাহাড়ে উঠে গেলেন, এবং আবারও সদাপ্রভু দুটি পাথরের ফলকে নিজ হাতে দশটি আজ্ঞা লিখে দিলেন।
যখন তোমরা পাপ করেছিলে, তখন সদাপ্রভু আমাকে বলেছিলেন যে তিনি তোমাদের সবাইকে ধ্বংস করে ফেলবেন, কিন্তু আমি তোমাদের হয়ে তাঁর কাছে প্রার্থনা করেছি, আর তিনি তোমাদের পাপ মুছে ফেলবেন। সত্যিই তিনি দয়াময় এবং ক্ষমাশীল।
একটি আবাস-তাম্বু তৈরী করার জন্য সদাপ্রভু আমাদের নির্দেশনা দিয়েছেন। সেখানেই তিনি আমাদের মধ্যে বিরাজমান থাকবেন। যেহেতু আমরা পাপী, তাই আমরা যাতে তাঁর সান্নিধ্য লাভ করতে পারি সেজন্য তিনি একটি উপায় করে দিয়েছেন।
লেবীয়েরা প্রতিদিন রক্ত উৎসর্গ করবে। বছরে মাত্র একবারই তিনি উৎসর্গ করা পশুর রক্ত নিয়ে সেই সাক্ষ্য-সিন্দুকের ওপর রাখবেন। সদাপ্রভু যখন সেই সিন্দুকের ওপর রক্ত দেখবেন, তখন তিনি আমাদের পাপগুলো ক্ষমা করবেন, আর আমরা মারা যাব না। এটা হল ঈশ্বরের ক্ষমা করবার একটি চিহ্ন।
আবাস-তাম্বু তৈরীর কাজ সম্পূর্ণ হল, এবং পুরোহিতেরা প্রতিদিনকার উৎসর্গ করা শুরু করলেন। সদাপ্রভু যখন তাদের বিশ্বাস দেখলেন, তখন তিনি তাদের পাপগুলো ক্ষমা করে দিলেন।


সিনাই পাহাড়ে সদাপ্রভু ইস্রায়েলীয়দের জন্য এত কিছু করা সত্ত্বেও তারা তাদের দুঃখ-কষ্টগুলো নিয়ে ঈশ্বরকে দোষারোপ এবং অভিযোগ করতে শুরু করল।
এই প্রতিজ্ঞাই অনেক কিছু যে সদাপ্রভু ঈশ্বর আমাদেও সাথে যাবেন।
আমরা জানি না যে কখন আমরা জল পাব- আমাদের সমস্ত দেহগুলো খুব শীঘ্রই এই ঈশ্বরের দেয়া মরুর মাঝে নিঃশেষ হয়ে যাবে।
আমরা কখনই পাব না...
ইয়াও! আগুন! মোশীকে ডাক!
মোশী, মোশী- আমাদেরকে রক্ষা কর! আমাদের ছাউনির ওপর স্বর্গ থেকে আগুন পড়ছে!
যখন মোশী সদাপ্রভুর কাছে কান্নাকাটি করলেন তখন আগুন পড়া থেমে গেল, কিন্তু তাতে ছাউনির কিনারার কিছু লোক পুড়ে গিয়ে মারা গেল কারণ তারা অভিযোগ করেছিল।
আর সেই জায়গাটার নাম হল তবেরা। (আগুন জ্বলার জায়গা)


অলৌকিকভাবে ঈশ্বর যে খাবারের যোগান দিয়েছিলেন সেই খাবার নিয়ে অনেকেই অভিযোগ করা শুরু করল।
এই মান্না খেতে খেতে আমার পেট ভরে গেছে।
প্রত্যেকদিন একই জিনিস।
লোকেরা ঘুরে ঘুরে সেগুলো কুড়িয়ে আনত আর জাঁতায় কিম্বা হামানদিস্তায় গুঁড়া করে নিত। সেগুলো তারা হাঁড়ির মধ্যে সিদ্ধ করত কিম্বা তা দিয়ে রুটি বানাত। তার স্বাদ ছিল জলপাইয়ের তেল দিয়ে বানানো পিঠার মত।১
১ রাতে ছাউনি-এলাকায় শিশির পড়ত আর তার উপর পড়ত মান্না।
ওহ, মিশর দেশে বিনা পয়সায় সুস্বাদু মাছ খাওয়াটা কতই না দারুণ ছিল।
আর তাছাড়া শসা, তরমুজ, পিঁয়াজ, সবজী পিঁয়াজ এবং রসুনের কথাও আমাদের মনে পড়ছে। কিন্তু এখন আমাদের ভিতরটা শুকিয়ে গেছে। মান্না ছাড়া আমাদের চোখে আর কিছুই পড়ছে না।
মোশি শুনতে পেলেন লোকেরা তাদের নিজের নিজের তাম্বুর দরজার কাছে কাঁদছে, আর তিনি খুবই বিরক্ত হলেন।
... কিন্তু এতে সদাপ্রভু ক্রোধে জ্বলে উঠলেন।




গণনাপুস্তক ১১: ১১-১৭






গণনাপুস্তক ১১: ১৮-২৩


লোকদের কাছে এইসব কথা বলার আগে, মোশী ইস্রায়েলীয়দের সত্তরজন বৃদ্ধ নেতাকে এনে মিলন-তাম্বুর সামনে দাঁড় করালেন।
এবং সদাপ্রভু মোশির উপর যে আত্মা দিয়েছিলেন তাঁকে তিনি ঐ সত্তরজন বৃদ্ধ নেতার উপরেও দিলেন।
যখন সেই আত্মা তাঁদের উপর আসলেন তখন কিছুকালের জন্য তাঁরা ভাববাদী হিসাবে কথা বললেন।
দু'জন লোক ছাউনির মধ্যেই রয়ে গিয়েছিলেন, আর যখন সেই আত্মা তাদের উপর ছিলেন তখন তারাও ভাববাদী হিসেবে কথা বলা শুরু করেছিলেন।
আমাকে অবশ্যই এই বিষয়ে মোশীকে জানাতে হবে।
ঐ দু'জন লোক ছাউনির ভিতরে ভাববাদী হিসাবে কথা বলছেন।
আমার মান-সম্মানটাই তোমার কাছে বড় হয়ে উঠল?
আমি চাই যে সদাপ্রভুর সব লোকেরাই যেন ভাববাদী হয় এবং সদাপ্রভু যেন তাঁর আত্মা তাদের উপর দেন।






গণনাপুস্তক ১১:৩১-৩৫

"THE BIBLE EXPLAINED IN EVERY LANGUAGE."





**SUPERBIBLE.TV**